নির্বাচন-২০২১
বাংলাদেশ অর্থনীতি সমিতি

৪/সি, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০

তারিখ: ৫ ডিসেম্বর, ২০২১

সকল সদস্য,
বাংলাদেশ অর্থনীতি সমিতি

প্রিয় সদস্য,

শুভেচ্ছা নেবেন।

আগামী ২৪-২৫ ডিসেম্বর ২০২১ বাংলাদেশ অর্থনীতি সমিতির ২১তম দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রথা অনুযায়ী একই সময়ে সমিতির নতুন কার্যনির্বাহক কমিটির নির্বাচনও অনুষ্ঠিত হবে। নির্বাচনের নিয়মাবলী সমিতির গঠনতন্ত্রের ১১-১২ পৃষ্ঠায় সবিস্তারে বর্ণিত আছে। উল্লেখ্য, যারা ২ ডিসেম্বর ২০২১-এর মধ্যে (ক) সাধারণ সদস্যপদ নবায়ন করেছেন (খ) নতুন সাধারণ সদস্য পদ লাভ করেছেন এবং (গ) আজীবন সদস্য হয়েছেন, শুধু তারাই ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হবেন। নির্বাচনের বিস্তারিত সময়সূচী, নির্বাচনী আচরণবিধি ও পরিপালনীয় বিষয়াবলী এই সাথে সংযুক্ত করা হলো।

নির্বাচনী সকল কার্যক্রম সমিতির অফিস ও সম্মেলন স্থলে (ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, রমনা, ঢাকা) অনুষ্ঠিত হবে। ২৪ ডিসেম্বর ২০২১ তারিখ সম্মেলনের উদ্বোধন এবং ২৫ ডিসেম্বর ২০২১ তারিখ নির্বাচন অনুষ্ঠিত হবে।

আসন্ন নির্বাচনে আপনাদের সহযোগিতা কামনা করি।

(মোঃ কোরবান আলী)
প্রধান নির্বাচন কমিশনার

(মোঃ কোরবান আলী)
প্রধান নির্বাচন কমিশনার
বাংলাদেশ অর্থনীতি সমিতি
নির্বাচন-২০২১

বাংলাদেশ অর্থনীতি সমিতি

নির্বাচন-২০২১

তফসিল

কার্যক্রম	স্থান	তারিখ	সময়
ভোটার তালিকা			
ক) খসড়া তালিকা প্রকাশ	সমিতি অফিস *	১৫ ডিসেম্বর	সকাল ৯.০০ টা
খ) আপত্তি গ্রহণ	ঐ	১৫ হতে ২১ ডিসেম্বর	সকাল ১০.০০টা থেকে বিকেল ৫.০০টা
গ) চূড়ান্ত তালিকা প্রকাশ	ঐ	২২ ডিসেম্বর	সকাল ১০.০০ টা
মনোনয়ন			
ক) মনোনয়ন পত্র বিতরণ	ঐ	১৫ হতে ২১ ডিসেম্বর	সকাল ১০.০০ টা থেকে বিকেল ৫.০০ টা
খ) মনোনয়ন পত্র দাখিল	ঐ	২২ ডিসেম্বর	সকাল ৯.০০ টা থেকে বেলা ১.০০ টা
গ) প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ	ঐ	২২ ডিসেম্বর	বিকেল ৩.০০ টা
ঘ) মনোনয়ন প্রত্যাহার	ঐ	২৩ ডিসেম্বর	সকাল ৯.০০ টা - দুপুর ১.০০টা
ঙ) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	ঐ	২৩ ডিসেম্বর	বিকেল ৩.০০ টা
	সম্মেলন স্থল**	২৪ ডিসেম্বর	সকাল ১০.০০ টা
নির্বাচন			
ক) ভোট গ্রহণ	সম্মেলন স্থল সংলগ্ন ভোট কেন্দ্র***	২৫ ডিসেম্বর	সকাল ৯.০০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত
খ) ভোট গণনা	ঐ	২৫ ডিসেম্বর	বিকেল ৫.০০ টা থেকে
গ) ফলাফল ঘোষণা	ঐ	২৫ ডিসেম্বর	চূড়ান্ত গণনার পর

* সমিতির অফিস : ৪/সি ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০; ফোন: ২২২২২৫৯৯৬

** নির্বাচন অফিস : সম্মেলনস্থল, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, রমনা, ঢাকা (২৪-২৫ ডিসেম্বর, ২০২১)

*** সম্মেলন স্থল সংলগ্ন ভোট কেন্দ্র : ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, রমনা, ঢাকা। (২৫ ডিসেম্বর, ২০২১)

নির্বাচনী আচরণবিধি ও পরিপালনীয় বিষয়াবলী অপর পৃষ্ঠায়

বাংলাদেশ অর্থনীতি সমিতি

কার্যনির্বাহক কমিটির নির্বাচন-২০২১

<u>নির্বাচনী আচরণবিধি ও পরিপালনীয় বিষয়াবলী ঃ</u>

১. বাংলাদেশ অর্থনীতি সমিতি দেশের একটি অন্যতম পেশাজীবি সংগঠন। এর প্রতিটি সদস্যের নৈতিকমান অতি উচ্চ পর্যায়ের। ভোট প্রদানের ক্ষেত্রে সমিতির প্রত্যেককে নৈতিকমান ও মূল্যবোধ রক্ষা করে চলতে হবে;

২. সমিতির সবার সম্মিলিত প্রচেষ্টা ও পারস্পারিক সহযোগিতায় একটি সুন্দর ও সার্থক নির্বাচন সম্পন্ন করা আমাদের প্রত্যেকের পবিত্র দায়িত্ব;

৩. চূড়ান্ত ভোটার তালিকায় যে সকল সদস্যের নাম স্থান পাবে, কেবলমাত্র তারাই ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন;

৪. কার্যনির্বাহক কমিটির কর্মকর্তা "এক পদ এক ব্যক্তি এক ভোট" পদ্ধতি অনুযায়ী নির্বাচিত হবেন। অর্থাৎ যে সকল পদের জন্য একাধিক কর্মকর্তা নির্বাচিত হবার বিধান আছে, সে সকল ক্ষেত্রে একজন ভোটার একজন প্রার্থীকে একটি ভোট দিতে পারবেন এবং প্রদত্ত ভোট মোট পদের চেয়ে বেশী হতে পারবে না;

৫. সকাল ৯.০০ টায় ভোট গ্রহণ শুরু হবে এবং বিকাল ৪.৩০ টায় তা শেষ হবে। এ সময়ের পর কোন প্রকার ভোট প্রদানের অনুরোধ রক্ষা করা সম্ভব হবে না। তবে ৪.৩০-এর মধ্যে যারা ভোট কেন্দ্রের বেস্টনির (প্যান্ডেল) মধ্যে অবস্থান করবেন তারা ভোট প্রদান করতে পারবেন;

৬. পোলিং বুথের বাইরে অত্যন্ত সুশৃঙ্খলভাবে স্বাস্থ্যবিধি মেনে সারিবদ্ধ হয়ে দাঁড়ানো এবং সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোট প্রদান করা আমাদের নৈতিক দায়িত্ব;

৭. কর্তব্যরত সেচ্ছাসেবককে সুন্দরভাবে লাইন রক্ষা ও ভোট সংক্রান্ত সকল কাজে সহযোগিতা করতে হবে;

৮. নির্বাচনী প্রচারের ক্ষেত্রে কাঙ্খিতমান বজায় রাখতে হবে। কোন প্রকার অশোভনীয় বা গর্হিত কার্যকলাপ বর্জনীয়। যেমন-অন্য প্যানেলে অন্তর্ভুক্ত কোন প্রার্থী বা সমিতির কোন সদস্যের নাম উদ্দেশ্য প্রনোদিতভাবে নিজের প্রচারপত্রে ব্যবহার করা যাবে না। কোন প্রকার মাইকিং, পোস্টারিং করা যাবে না। এছাড়াও ভোট চলাকালে কোন ভোটারকে প্রভাবিত করতে কোন প্রকার উপহার/সুবিধা প্রদান করা যাবে না;

৯. কোন প্রার্থী সম্পর্কে কোন প্রকার অপপ্রচার করা যাবে না;

১০. ভোটদানে জালিয়াতির আশ্রয় নেয়া অথবা ভোট জালিয়াতিতে সহায়তা করা থেকে বিরত থাকতে হবে;

১১. ভোটের কাজে নিয়োজিত প্রত্যেক কর্মকর্তা, স্বেচ্ছাসেবক ও সহযোগীগণ সম্পূর্ণ নিরপেক্ষভাবে কাজ করবেন। কোন প্রকার পক্ষপাতমূলক তৎপরতা বা আচরণ পরিদৃষ্ট হলে তা সঙ্গে সঙ্গে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে;

১২. ভোট গণনা অপটিক্যাল কাউন্টিং সিস্টেমে অনুষ্ঠিত হবে। এ কারণে সমিতির সম্মানিত ভোটারগণ যে সকল প্রার্থীকে ভোট দিতে চান তাদের নামের পাশে ডানদিকের খালি ঘরে <u>টেবিলে রক্ষিত সাইন পেন দিয়ে</u> ☒ (ক্রস) চিহ্ন দেবেন। ব্যালট পেপার স্ক্যানিং, চূড়ান্ত ফলাফল প্রস্তুত ও প্রকাশ প্রজেকটরের মাধ্যমে উপস্থিত সুধিজনকে প্রদর্শন করা হবে;

১৩. সুষ্ঠু নির্বাচনের স্বার্থে প্রচলিত বিধি-বিধান বলবৎ থাকবে এবং সমিতির গঠনতন্ত্রের ১১ নম্বর পৃষ্ঠায় উল্লেখিত (ঝ)এর ৫নং অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিষয়ে প্রধান নির্বাচন কমিশনারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. স্বাস্থ্যবিধি মেনে চলুন-নিজে সুস্থ থাকুন, অপরকেও সুস্থ রাখুন।

"সকলের নিকট থেকে দায়িত্বশীল আচরণ একান্ত কাম্য"